PORSHI

1st year 3rd Issue July 2001/Shrabon 1408 — ১ম বর্ষ ৩য় সংখ্যা জুলাই ২০০১/শ্রাবন ১৪০৮

সম্পাদনা পরিষদ :
নির্বাহী সম্পাদক : মাহমুদুল হাসান
ব্যবস্থাপনা সম্পাদক : সাবির মজুমদার
মহাব্যবস্থাপক : মাশুক রহমান
বিভাগীয় সম্পাদকবৃন্দ :
প্রযুক্তিবন্ধন : নজমুস সাকিব
ক্রীড়া : জিয়াউল করিম লোটাস
বিনোদন ও সংস্কৃতি : মনামী দোহা মোর্শেদ
উত্তর আমেরিকার কর্মকান্ড : মো: জাফর উল-হ
সাহিত্য : আলম খোরশেদ
আইন ও ইমিগ্রেশন : জাকিয়া আফরিন
ছোট্টমনিদের পাতা : সামিয়া আরা ডোরা
গ্রাফিকস : সুপ্রিয় মালাকার শুভ
ওয়েব : শরীফ মুস্তাফিজুর রহমান
সহযোগী সম্পাদক : ফুয়াদ রাহমান
ক্যানাডীয় কর্মকান্ড ব্যবস্থাপক : মো: কবীরউদ্দীন
ঢাকা ব্যুরো প্রধান : সাইফুল-হ মাহমুদ দুলাল
চট্টগ্রাম ব্যুরো প্রধান : এনায়েত করিম সাকী

আঞ্চলিক প্রতিনিধি :
টরন্টো, ক্যানাডা : আলী হায়দার
ভ্যানকুভার, ক্যানাডা : আমিনুল ইসলাম
পোর্টল্যান্ড, অরেগন : আতিকুর রশীদ চৌধুরী
হিউস্টন, টেক্সাস : আজাদুল হক
নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক : মাহদী-উজ-জামান অপু
ম্যাডিসন, এলাবামা : মঞ্জুর চৌধুরী
স্যান ডিয়েগো, ক্যালিফোর্নিয়া : শ্যামল নাথ
ওয়াশিংটন, ডি.সি. : ওয়াহেদ হোসেনী
ডুরাঙ্গো, কলরাডো : জিয়ারত হোসেন
ডিট্রয়েট, মিশিগান : মোহাম্মদ আমিম
হোকেসিন, ডেলাওয়ার : শামীম হাসান
র‌্যালী, নর্থ ক্যারোলিনা : শাহাদাত হোসেন

সম্পাদকীয় উপদেষ্টা :
আশরাফ আলী (সিয়াটল, ওয়াশিংটন)
বেলাল বেগ (নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক)
দলিলুর রহমান (ফ্লেমিংটন, নিউ জার্সী)
এমদাদ খান (স্যান হোজে, ক্যালিফোর্নিয়া)
ফারুখ ফয়সল (অটোয়া, ক্যানাডা)
শাহাব সিদ্দিকী (আটলান্টা, জর্জিয়া)
ইউনুস রাহী (লস এঞ্জেলেস, ক্যালিফোর্নিয়া)

প্রচ্ছদ শিল্পী : : ওয়াহিদা রশীদ তনু

A monthly published by
Jogajog International
PO Box 3148
Fremont, CA 94539
USA
email : editors@porshi.com
website : **www.PORSHI.com**
e-fax : 707-988-0328
Retail Price
USA/Canada : **US$2.00/CDN$3.00**
Bangladesh : **Taka20.00**

সম্পাদকীয় : বোমাবাজীর বাংলাদেশ আমাদের করণীয় কি?

বোমা ফুটছে বাংলাদেশে : কদিন পরপরই, প্রায় যেখানে সেখানে। মারা যাচ্ছে মানুষ, নিরীহ শান্তিপ্রিয় সাধারণ মানুষ। রক্তে রক্তাক্ত হচ্ছে ঘটনাস্থল : সাংস্কৃতিক মঞ্চ, উপাসনালয়, রাজনৈতিক দফতর। কারা ঘটাচ্ছে এসব, কেন ঘটাচ্ছে এমন তান্ডবলীলা, সঠিক জানা নেই কারো - শাস্তি হচ্ছে না তেমন কারো। কিন্তু বোমাবাজীর ঘটনা ঘটেই যাচ্ছে একের পর এক।

গত কয়েক বছরের নাশকতামূলক ঘটনাগুলোর দিকে ফিরে তাকাই। ১৯৯৯ সালের মাঝামাঝি থেকে বোমা বিস্ফোরণে উদীচী সম্মেলনে ১০ জন, খুলনার আহম্মদিয়া মসজিদে ৮ জন, ঢাকার সিপিবির সমাবেশে ৪ জন, রমনা বটমূলে পহেলা বৈশাখের অনুষ্ঠানে ১০ জন, গোপালগঞ্জের বানিয়ারচর চার্চে ১০ জন, এবং সর্বশেষ গত ১৭ই জুন নারায়ণগঞ্জ আওয়ামী লীগ অফিসে ২২ জন নিহত হওয়ার ঘটনাবলী নি:সন্দেহে কাকতালীয় ব্যাপার নয়। উপরন্তু কেবল উদীচী বোমা হামলাটি আদালতে থাকলেও কোন বোমা ঘটনারই প্রকৃত কিনারা করতে গোয়েন্দা পুলিশ পারেনি।

প্রতিটি বোমা ফুটবার পরই বাংলাদেশের প্রধান রাজনৈতিক দলগুলো (মূলত: আওয়ামী লীগ এবং বিএনপি) একে অন্যকে দোষারোপ করছে, না হয় আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকারের ব্যর্থতার কথা উচ্চস্বরে বলছে, অথবা উগ্র ধর্মীয় উন্মাদনায় অন্ধ গোষ্ঠীকে দায়ী করে নিজেদের দায় থেকে মুক্তি চাইছে।

বোমাবাজীর এই সাম্প্রতিক ঘটনাগুলো অনেকগুলো কারণে চিন্তান্বিত করে আমাদের। প্রথমত: ঘটনাগুলো আপন দোষেই নিন্দনীয়। এই বোমাতঙ্কে বিপন্ন সাধারণ মানুষের জীবন। উপরন্তু যারা ঘটাচ্ছে এই নাশকতামূলক কর্মকান্ড, একের পর এক সাফল্য (!!) তাদের সম্ভবত করে তুলছে আরো সাহসী, আরো ব্যাপক এবং সর্বনাশা উদ্যোগ নিতেও হয়তোবা দ্বিধা করবে না তারা! দ্বিতীয়ত: বাংলাদেশের সাধারণ নির্বাচনকে সামনে রেখে বোমাবাজীর এই 'সিরিয়াল' আমাদের ভাবিয়ে তুলে নির্বাচন তথা গণতান্ত্রিক প্রক্রিয়ার ভবিষ্যত সম্পর্কে। তৃতীয়ত: সামরিক গোষ্ঠীর হস্তক্ষেপের কোন গুজব কানে না এলেও উপমহাদেশের সামরিক জান্তার সুদীর্ঘ ইতিহাস রয়েছে সুযোগ সন্ধানী, ক্ষমতালোভী হিসেবে। সেই ইতিহাসের ধারক-বাহক আমরা নিজেরাও, তাই এই তৃতীয় সংশয়টিও আমাদের উদ্বিগ্ন না করে পারে না!!

প্রশ্ন হলো, প্রবাসে অভিবাসী বাংলাদেশী হিসেবে এ পরিস্থিতিতে কি করণীয় আমাদের! আমরা কি কেবল নীরব দর্শক - ফেলে আসা মাতৃভূমির এই বোমাতঙ্ক কি আমাদের জন্য শুধুই সংবাদ শিরোনাম! নাকি কিছু করণীয় আছে আমাদের!

এক দশক আগে উত্তর আমেরিকায় এ প্রশ্নের উত্তরটা হতো নেতিবাচক। কিন্তু আজ পরিস্থিতি বদলে গেছে। সংখ্যার দিক থেকে তো বটেই, আর্থিক দিক থেকেও উত্তর আমেরিকায় অভিবাসীরা একটি স্বীকৃত শক্তি। আজ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ ককাস গঠিত হয়েছে; আজ টেকবাংলা, সিলিকন বাংলার মতো উদ্যোগে বাংলাদেশ সরকার উদ্যোগী হয়ে অংশগ্রহণ করছে। মোদ্দাকথা, অভিবাসীরা যে বাংলাদেশের জন্য একটি জরুরী এবং প্রয়োজনীয় শক্তি, সে উপলব্ধি বাড়ছে দ্রুত। অন্যদিকে, নিউইয়র্কের বাংলা পত্রপত্রিকা খুললে দেখবো, প্রতি সপ্তাহেই বাংলাদেশের কোন রাজনৈতিক নেতা সফরে আসছেন, অনুষ্ঠানে বক্তব্য রাখছেন। অর্থাৎ যে কোন কারণেই হোক, প্রবাসের প-্যাটফর্মটা তাদের কাছে যথেষ্ঠ গুরুত্বপূর্ণ। প্রবাসীরা বাংলাদেশে গিয়ে সংসদ নির্বাচনেও অংশ নিচ্ছেন সাম্প্রতিককালে।

এককথায় বলা যায়, আমরা প্রবাসী অভিবাসীরা কেবল নীরব দর্শক নই। আমাদের সম্মিলিত কণ্ঠস্বর পৌঁছে যেতে পারে সরকার, রাজনৈতিক দল তথা সাধারণ মানুষের কাছে। আমাদের উদ্যোগও অনুপ্রাণিত এবং সংঘবদ্ধ করতে পারে বোমাতঙ্কে বিপর্যস্ত বাংলাদেশের মানুষকে, অশুভ শক্তির বিরুদ্ধে। বিপন্ন এ সময়ে সেই আশাই হোক আমাদের চালিকাশক্তি।

'পড়শী' বিশ্ববাঙালীর মুখপত্র। দেশবিদেশের সমসাময়িক নানা গুরুত্বপূর্ণ বিষয়ে প্রবন্ধ, আলোচনা, বিশে-ষণ ও প্রতিবেদন প্রকাশের মাধ্যমে বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা বাঙালীদের সাংস্কৃতিক বন্ধনকে জোরদার করা সাময়িকীর অন্যতম লক্ষ্য। দেশ এবং প্রবাসের মধ্যে তথ্য ও চিন্তা-চেতনার দ্বিমুখী প্রবাহ এবং প্রযুক্তি বন্ধন প্রক্রিয়াকে উৎসাহিত করতেও 'পড়শী' সচেষ্ট থাকবে। রাজনীতি, ধর্ম সহ অন্যান্য বিতর্কিত বিষয়ে নিরপেক্ষ এবং ভারসাম্যপূর্ণ দৃষ্টিভঙ্গী গ্রহণে পড়শী সম্পাদকমন্ডলী যত্নশীল থাকবে।

মতামত

তাৎক্ষনিক!

সুন্দর সব কিছু মানুষকে আকর্ষণ করে। যেহেতু মানুষ সুন্দর। প্রবাসের কঠিন বস্তুবাদী জীবনে কেউ যখন কষ্ট করে তাঁর সুকুমার চিন্তার কোনো ফসল কাউকে উপহার দেন, মনের অজান্তেই তাঁদের প্রতি একটা ভালো লাগার অনুভূতি মনকে নাড়া দেয়।

'পড়শী' বিশ্ববাঙালীর মুখপত্র, ক্যালিফোর্নিয়া থেকে প্রকাশিত এই মাসিক ম্যাগাজিনটা হঠাৎ পেয়ে মনের প্রতিক্রিয়া ব্যক্ত করবার জন্যেই আমার এই লেখা। এটাকে একজন পাঠকের তাৎক্ষণিক প্রতিক্রিয়াই বলতে পারেন।

যে কোনো পত্রিকা বা ম্যাগাজিনের সম্পাদকীয় একটি গুরুত্বপূর্ণ পাঠ্য। সম্পাদকীয় হচ্ছে একটি পত্রিকার দিকনির্দেশক। এছাড়াও সম্পাদকীয় একটি ম্যাগাজিনের প্রাণ কেন্দ্রের মতোও। এতে কম কথায় বেশি কথা বলা থাকে। কম ইঙ্গিতে অনেক ইঙ্গিত থাকে। কম শব্দে বেশি সুর সৃষ্টি হয়। এই সব হচ্ছে একটি সম্পাদকীয়-এর অলংকার। পড়শী'র সম্পাদকীয়তে এই অলঙ্কারের ঝংকার আছে। পড়শী'র সম্পাদক তাই তাঁর এই মননশীল চিন্তার জন্য পাঠকের সাধুবাদ নিতে পারেন।

পড়শী'র প্রচ্ছদ মনে হয় পত্রিকাটির একটি আকর্ষণ হবে। এর কারণ দুইটি। প্রথমত, প্রচ্ছদে সুরুচির একটা ছাপ আছে। দ্বিতীয়ত, প্রচ্ছদ শিল্পীরও একটা পরিচয় পত্রিকাটি তার পাঠককে দিচ্ছেন। এতে পাঠকেরও লাভ দুইটি। এক. পাঠক প্রচ্ছদ শিল্পীকে জানার সুযোগ পাচ্ছেন। দুই. একই সাথে চিত্র শিল্পে যারা উৎসাহী তাদের কাছে আরেকজন শিল্পীর চিন্তা, দর্শন, তার রং এবং তুলির ম্যাসেজ কি এটাও জানা হয়। সুন্দর প্রচ্ছদ হচ্ছে, শব্দহীন কবিতার মতো। শব্দ উচ্চারণ ছাড়া গদ্য। এই দুটি অভিব্যক্তি ফুটে উঠে পড়শী'র গত দুই সংখ্যার প্রচ্ছদে। এর জন্য এর প্রচ্ছদ শিল্পীরাও পাঠকের আন্তরিক ধন্যবাদ গ্রহণ করেন।

পড়শী'তে প্রকাশিত নিবন্ধ ও প্রবন্ধগুলো মানসম্পন্ন। কবিতাগুলিও ভালো লেগেছে। বিশেষ করে ইকবাল হাসানের কবিতা। পড়শী'র কবিতা পৃষ্ঠার বৈশিষ্ট্য তার গ্রাফিক উপস্থাপনা। এটাও সম্ভবত: পাঠকের দৃষ্টি উপেক্ষা করবে না।

উলে-খ করতে চাই পড়শীতে 'পরিচিন্তন' লেখাটির কথা। এই লেখাটি কর্তৃপক্ষ একটি উপসম্পাদকীয় হিসাবেও রাখতে পারতেন। কারণ লেখাটি পড়শী'র ব্যাপারে এই মুহূর্তে কিছু গুরুত্বপূর্ণ কথা বলেছে। যেমন লেখক লিখেছেন পড়শী নামটা মেয়েলি না মনে হবে মহীয়সীর মত। মেয়েলি ও মহীয়সী এই দুইয়ের মধ্যে যে একটা বিরাট পার্থক্য। লেখক সেটাও বলেছেন তার লেখাতে।

পড়শী'র ভালো দিকের সাথে একটি ব্যাপারে কর্তৃপক্ষ আরেকটু যত্নবান হলে ভালো। সেটা হচ্ছে পত্রিকাতে যে ছবিগুলি ছাপানো হয়েছে তার মান দুর্বল। এটা পত্রিকার নান্দনিক মানকে খাটো করে দিতে পারে। পড়শী বলছে "রাজনীতি ধর্ম সহ অন্যান্য বিতর্কিত বিষয়ে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি গ্রহণে যত্নবান থাকবে"। রাজনীতি ও ধর্ম বিষয়ে যত্নশীল হওয়া সুস্পষ্ট, কিন্তু নিরপেক্ষ এই বিষয়গুলিতে সম্ভব কি?

পড়শী'র বিশ্বাস থাকুক মানুষের ধর্ম বিশ্বাসে। বিশ্বাস থাকুক রবীন্দ্রনাথেও।

মাহমুদ রেজা চৌধুরী
নিউ ইয়র্ক

সূচীপত্র

সম্পাদকীয়.................................. ১
মতামত ২

রাজনীতি
বোমাতঙ্কের বাংলাদেশ
মাহমুদুল হোসেন ৩

সংবাদ সংক্ষেপ ৬

নিয়মিত কলাম : রাগ, অনুরাগ
নিরাপত্তা ও নৈতিকতা
আলম খোরশেদ ৮

নিয়মিত কলাম : পরিচিন্তন
বিচলিত এ প্রজন্মের চাই উপযুক্ত বাংলদেশী আদর্শ পুরুষ
আবু হেনা মোস্তফা কামাল ৯

নিয়মিত কলাম : প্রতিধ্বনি
সবার আগে বুবুর নিরাপত্তা
ফারুখ ফয়সল ১১

নিয়মিত কলাম : চতুর্থ মাত্রা
মিশন ইমপসিবল!
জাকারিয়া স্বপন ১৩

সাম্প্রতিক
টিপু সুলতানের প্রবাস জয়
আসিফ সালেহ ১৪

রম্যপ্রবন্ধ
বর্ষার মেঘ, মনের মেঘ, দুর্যোগের মেঘ
আনিসুল হক ১৬

প্রবন্ধ
বিদেশে বসবাসরত বাংলাদেশীদের করণীয় প্রসঙ্গে
বদরুদ্দীন উমর ১৭

মূল রচনা
উত্তর আমেরিকায় অভিবাসী বাংলাদেশীরা কেমন আছেন? ১৯

প্রযুক্তিবন্ধন
টেকনলজি : প্রবৃদ্ধি ও প্রতিযোগিতার হাতিয়ার
ড: এ. কে. আব্দুল মোমেন ২৭

প্রযুক্তিবন্ধন
ওয়েব সাইট পরিচিতি
ডঃ নজমুস সাকিব ২৯

কবিতা
ওমর আলী ৩১

ছোটগল্প
মাতৃমূর্তি ক্যাথিড্রাল
সুব্রত অগাস্টিন গোমেজ ৩৩

কবিতা
নাহার মণিকা ৩৪

নিবন্ধ
ভুবন মোহন মিত্রের চলে যাওয়া
রাকিব হাসান ৩৫

সাক্ষাৎকার
সুনীল গঙ্গোপাধ্যায়ের সঙ্গে আলাপচারিতা . ৩৭

উত্তর আমেরিকায় কর্মকান্ড ৪০
ইতি উতি এবং ৪৩

ক্রীড়া
স্টেডিয়ামের সেই আড্ডাটা আজ আর নেই
দুলাল মাহমুদ ৪৫

ক্রীড়া
বাংলাদেশের খেলাধুলায় মহিলারা কোথায়
কামরুন্নাহার ডানা ৪৭

সংবাদ সংক্ষেপ

আওয়ামী লীগ অফিসে বোমা হামলা

গত ১৭ই জুন আওয়ামী লীগের নারায়ণগঞ্জ অফিসে এক শক্তিশালী বোমা বিস্ফোরণে কমপক্ষে ২১ জন নিহত এবং ১০০ জনেরও বেশী আহত হয়েছেন। নিহতদের মধ্যে রয়েছেন ৪ জন মহিলা এবং ১ জন শিশু। আহতদের মধ্যে রয়েছেন আওয়ামী লীগের সংসদ সদস্য শামীম ওসমান। নারায়ণগঞ্জের জেনারেল হাসপাতালে তার উপর অস্ত্রপচার করা হয়। ডাক্তারা বলেছেন

(AFP PHOTO)

(AFP PHOTO)

তিনি এখন বিপদমুক্ত।

নারায়ণগঞ্জের এই অফিসটি নতুন উদ্বোধন করা হয়েছিল। বোমাটি বিস্ফোরিত হয় রাত ৮:৫০এ। বিস্ফোরণের সময় অফিসে শামীম ওসমানসহ আওয়ামী লীগের প্রায় ১৫০ জন কর্মী ও নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বিস্ফোরণের কারণে অফিস ভবনের দরজা, জানালা এবং টিনের চাল ক্ষতিগ্রস্থ হয়েছে। আহত ও নিহতদের মধ্যে রয়েছেন ছাত্রলীগ, থানা আওয়ামী লীগ, যুব লীগ এবং কেন্দ্রীয় আওয়ামী লীগের সদস্যগণ। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, নারায়ণগঞ্জের জেনারেল হাসপাতাল, পঙ্গু হাসপাতাল এবং কেন্দ্রীয় সেনাবাহিনী হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

গীর্জায় বোমা হামলা

গোপালগঞ্জ জেলার মুকসিদপুর থানার বানিয়ারচর গ্রামের ক্যাথোলিক গীর্জায় রবিবাসরীয় প্রার্থনার সময় এক শক্তিশালী বোমা বিস্ফোরণে কমপক্ষে ১০ জন নিহত এবং ২৫ জন আহত হয়েছেন। জানা গেছে যে, বোমাটি কালো পলিথিন ব্যাগে মোড়ানো অবস্থায় গীর্জার একটি বইয়ের তাকে লুকিয়ে রাখা হয়েছিল। বোমা বিস্ফোরণে গীর্জার ছাদ এবং দু'পাশের দেয়াল ক্ষতিগ্রস্থ হয়েছে।

রমনা বটমূল বিস্ফোরণ

সারুলিয়ার মাদানী মাদ্রাসার ভাইস-প্রিন্সিপাল আকবর হোসেন চিফ মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেটের কোর্টে রমনা বটমূল বিস্ফোরণের সাথে জড়িত থাকার ব্যাপারে স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছেন। তার স্বীকারোক্তি অনুযায়ী বোমা হামলার ১০ দিন আগে শওকত, শেখ ফরিদ, মুফতি হাই, আব্দুল হান্নান, আব্দুল রউফ, মুফতি ফরিদ, আব্দুল জব্বার এবং আরো ৬ জন মোহাম্মদপুরের সাত গম্বুজ মসজিদে মিলিত হন এবং এই বোমা হামলার পরিকল্পনা করেন। তাকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে পাঠান হয়েছে। পুলিশ এখন পর্যন্ত ১২ জনকে এই ঘটনার সাথে জড়িত থাকার সন্দেহে গ্রেফতার করেছে। তবে আকবর হোসেনই এখন পর্যন্ত এই ব্যাপারে স্বীকারোক্তি প্রদান করেছেন।

অশান্ত সীমান্ত

গত মাসের সীমান্ত সংঘাতের পর থেকে বাংলা দেশ-ভারত সীমান্ত অশান্ত হয়ে আছে। এর মধ্যে চাপাই নওয়াবগঞ্জে ভারতীয় বি.এস.এফ.-এর গুলীতে ৩ জন বাংলাদেশী নিহত হয়েছেন। বি.এস.এফ. আরও ৬জন বাংলাদেশীকে অস্ত্রের মুখে ধরে নিয়ে গেছে বলে স্থানীয় লোকেরা জানিয়েছেন।

লালমনিরহাটে বি.এস.এফ.-এর গুলীতে আরও ২ জন বাংলাদেশী নিহত হয়েছেন। এই ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ৫০ জন।

বর্তমান সংসদের শেষ অধিবেশন

৭ম জাতীয় সংদের শেষ অধিবেশন শুরু হয়েছে। জাতীয় পার্টির দুটি উপদলই এই অধিবেশনে যোগদান করছে।

কতখানি নিরাপদ রাজধানী!!

২০০১ সালের মে মাসে ঢাকা শহরে ৫২ জন খুন হয়েছেন। গত ২০ বছরে কোন একটি মাসে এতজন মানুষ কখনো খুন হননি। প্রসঙ্গতঃ উলে-খ্য যে, গত ৫ মাসে ঢাকা শহরে ১৬৮ জন খুন হয়েছেন।

২০০১-২০০২ সালের বাজেট

অর্থমন্ত্রী আ. স. ম. কিবরিয়া ২০০১-০২ সালের বাজেট ঘোষণা করেছেন। আয়করের ক্ষেত্রে এই বাজেটে তেমন কোন নতুনত্ব নেই। প্রতি বারের মত এবারও শিক্ষাক্ষেত্রে সর্বোচ্চ (১৪.৬৯%) বরাদ্দ রাখা হয়েছে। বাজেট অনুযায়ী GDP ১৯৯৬-৯৭ থেকে ২০০০-২১ সালে গড়ে ৫.৩৫% বেড়েছে। উন্নয়নশীল দেশ হিসেবে এই প্রবৃদ্ধির হার খুবই আশাব্যাঞ্জক। তবে এই বাজেট অনুযায়ী আগামী বছরের ঘাটতি গত বছরের তুলনায় ৬৬৫ কোটি টাকা বেশী বলে দেখা যাচ্ছে। তাছাড়া গত বছরের বাজেট ঘাটতি প্রস্তাবিত ঘাটতির তুলনায় ৯৬১ কোটি টাকা বেশী হয়েছে।

খালেদা জিয়ার বনানী অফিসে বন্দুক হামলা

অজানা সংখ্যক আততায়ী ২টি হলুদ ট্যাক্সিযোগে এসে রাতে খালেদা জিয়ার বনানী অফিসে বন্দুক হামলা চালায়। রাত ৯টার এই হামলার সময় রোড নং ১৩, ব-ক নং বি-ও এই অফিসে খালেদা জিয়াসহ অন্যান্য কোন উচ্চপদস্থ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন না। তবে গার্ড সোহেল এবং পিয়ন কালাম এই হামলায় গুলীবিদ্ধ হয়। তাদের পান্থপথের সাউথ এশিয়া হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বাংলাদেশের প্রথম টেস্ট টিউব শিশু

বাংলাদেশে প্রথম বারের মত সাফল্যজনক ভাবে টেস্ট টিউব শিশুর জন্ম হয়েছে। মা হচ্ছেন ৩২ বছর বয়সী ফিরোজা বেগম। আর এই সাফল্যের পিছনে আছেন ডাঃ পারভিন ফাতেমা। তিনি পূর্বে সিংগাপুর ও ভারতে ট্রেনিং নিয়েছেন। শিশুটির বাবা মোঃ আবু হানিফ একজন সরকারী কর্মকর্তা।

টাকার মূল্যহ্রাস

বাংলাদেশ ব্যাংক টাকার ৫.৫% অবমূল্যায়ন করেছে। তার ফলে মার্কিন ডলারের মূল্য ৩ টাকার সামান্য বেশী বেড়ে যাবে। সরকারীভাবে ডলারের বিনিময়মূল্য কেনার সময় ৫৬.৬০ এবং বিক্রির সময় ৫৭.৫০-তে স্থির করা হয়েছে। এই অবমূল্যায়নের একটি কারণ হলো বাংলাদেশের পড়তি বৈদেশিক মুদ্রার রিজার্ভ। ১.২ বিলিয়ন টাকার বর্তমানের এই রিজার্ভ বাংলাদেশের ইতিহাসে সর্বনিম্ন। তাছাড়া ইদানিং কালে রফতানী কমেছে ১০% এবং আমদানী বেড়েছে ২৪%। উলে-খ্য যে, গত আগস্ট মাসে টাকার ৫.৮% অবমূল্যায়ন করা হয়েছিল।

বাংলাদেশের নতুন যুদ্ধ জাহাজ

বাংলাদেশ নেভী ১০০ মিলিয়ন ডলারের একটি ফ্রিগেট তাদের নৌবহরে যুক্ত করেছে। ফ্রিগেটটি লম্বায় ১০৩.৫ মিটার, সর্বোচ্চ ওজন ২৩২০ টন এবং সর্বোচ্চ গতি ২৫.৩ নট। এর নাম রাখা হয়েছে বি. এন. এস. বঙ্গবন্ধু।

জাতীর পিতার পরিবারকে রাষ্ট্রীয় নিরাপত্তা প্রদান আইন

জাতীয় সংসদ জাতীর পিতার পরিবারকে রাষ্ট্রীয় নিরাপত্তা প্রদান আইনটি সর্বসম্মতিক্রমে পাশ করেছে। সংসদে এই সময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগ এবং জাতীয় পার্টির সাংসদ সদস্যবৃন্দ। বাংলাদেশ জাতীয়তাবাদী দলসহ অন্যান্য বিরোধীদলীয় সংসদ সদস্যবৃন্দ অনুপস্থিত ছিলেন।

এর পূর্বে প্রেসিডেন্ট সাহাবুদ্দিন আহমাদ জাতির পিতার পরিবারকে রাষ্ট্রীয় নিরাপত্তা প্রদান আইন ২০০১-এ সম্মতি প্রদান করেন। প্রস্তাবিত এই আইনটিতে শেখ হাসিনা এবং শেখ রেহানাকে রাষ্ট্রীয় খরচে আজীবন নিরাপত্তা প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। এই নিরাপত্তার অংশ হিসেবে নিয়মিত পুলিশ প্রহরা, বাসভবন, গাড়ী ও অন্যান্য সুযোগ সুবিধা সরকারী খরচে বহন করা হবে। প্রেসিডেন্টের আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে মন্ত্রীসভা এই বিলটি অনুমোদন করে।

খালেদা জিয়ার গাড়ীবহরে বন্দুক হামলা

বিরোধীদলীয় প্রধান খালেদা জিয়ার গাড়ীবহরে একাধিকবার বন্দুক হামলা চালানোর খবর পাওয়া গেছে। ঘটনাটি ঘটে ঢাকা থেকে পিরোজপুর যাবার পথে। আব্দুল-ইহপুরে গাড়ীবহরটি ট্রাক ও অন্যান্য যানবাহনের মাধ্যমে সৃষ্ট বেরিকেডে বাধাপ্রাপ্ত হয় এবং এখানে গাড়ীবহরের উপর গুলীবর্ষণ করা হয়। এই ঘটনায় ৭ জন আহত হয়। দ্বিতীয় হামলাটি ঘটে কাজীরহাটে। এই ঘটনায় কেউ হতাহত হয় নি।

আওয়ামী পল-ী?

রাজউক কতৃক NAM সম্মেলনের জন্য ঢাকার অভিজাত গুলশান ও বনানী এলাকায় নির্মিত ২৬০টি ফ্ল্যাটের অধিকাংশই সব আইন উপেক্ষা করে আওয়ামী লীগের নেতৃবৃন্দের ভিতর বিতরণ করা হয়েছে বলে জানা গেছে। যে সমস্ত ভাগ্যবান ব্যক্তি ফ্ল্যাটের মালিক হয়েছেন তার মধ্যে রয়েছেন ২২ জন আওয়ামী লীগ সংসদ সদস্য। অন্যান্যদের মধ্যে আছেন মন্ত্রীসভার সদস্যবৃন্দ এবং তাদের আত্মীয়-স্বজনেরা।

ঘটনাকাল : ১৬ই মে - ১৭ই জুন ২০০১

সংগ্রহ ও সম্পাদনা : ফুয়াদ রাহমান

কার্টুন

টুকরো খবর

মুক্তিযুদ্ধ, চলচ্চিত্র ও হুমায়ূন আহমেদ

শুধু একটি ছবি তৈরীর জন্যই চলছে হুমায়ূন আহমেদের চলচ্চিত্র সাধনা। চলচ্চিত্র নির্মাণের অভিজ্ঞতা থেকেই তিনি পরিপূর্ণ দক্ষতা অর্জন করতে চান। তাই শিক্ষানবিশ হিসেবে তিনি তৈরী করেছেন "আগুনের পরশমণি", "শ্রাবণ মেঘের দিনে" এবং "দুই দুয়ারী"। যথার্থ শিক্ষা সম্পন্ন হওয়া মাত্রই তিনি হাত দেবেন তাঁর সেই বহুকাঙ্ক্ষিত ছবিটি নির্মাণকাজে। এর জন্য তিনি তাঁর মুক্তিযুদ্ধের ওপর লেখা একটি উপন্যাস বাছাই করে রেখেছেন।

জনপ্রিয় লেখক হুমায়ূন আহমেদ এ মন্তব্য করেন গত ২৫ মে (নিউ ইয়র্কের জ্যাকসন হাইটসে) মুক্তধারায় তাঁর "দুই দুয়ারী"র ভিডিও প্রকাশনা অনুষ্ঠানে। এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিভিডির প্রকাশক মুক্তধারার বিশ্বজিৎ সাহা, প্রখ্যাত ঔপন্যাসিক ইমদাদুল হক মিলন, ঢাকা থেকে আগত আগামী প্রকাশনীর ওসমান গণি, অন্যদিন পত্রিকার সম্পাদক মাযহারুল ইসলাম।

সাবিনা কি জনপ্রিয়তা হারাচ্ছেন!

সুকণ্ঠী সাবিনা ইয়াসমিনের গান ক'দিন আগেও ছিল জনপ্রিয়তার তুঙ্গে। তবে কোলকাতার গায়ক সুমনের সাথে বিয়ে হওয়ার পর থেকেই তার জনপ্রিয়তায় ভাটা পড়তে শুরু করেছে। ঢাকা শেরাটনের উইন্টার গার্ডেনে এক অ্যাওয়ার্ড অনুষ্ঠানে তার একক সঙ্গীতানুষ্ঠানের আয়োজন চলছিল যা শেষাবধি আর হয়নি। আশানুরূপ টিকিট বিক্রি না হওয়ায় আয়োজকরা অনুষ্ঠানটি বাতিল করতে বাধ্য হয়।

গাইড হাউজের জীর্ণদশা

গাইড হাউজের অবস্থা ক্রমশই অবনতির দিকে যাচ্ছে। মিলনায়তনের মঞ্চ, সাজঘর, আলোক প্রক্ষেপণ এবং সাউন্ড সবই জীর্ণতায় ভুগছে। যে কোনো সময় কোনো দুর্ঘটনা ঘটতে পারে। তারপরও কলাকুশলী এবং দর্শক প্রতিদিনই উপস্থিত হচ্ছে গাইড হাউজে। ঢাকা থিয়েটার অন্যান্য থিয়েটারের নাট্যকর্মীদের গাইড হাউজের পরিস্থিতি ভালো না হওয়া পর্যন্ত সেখানে নাটক না করার অনুরোধ জানিয়েছে।

জাতীয় নাট্যশালার একাংশ উদ্বোধন

আজ থেকে প্রায় সাড়ে পাঁচ বছর আগে ভিত্তিপ্রস্তর স্থাপনের পর ২৪ জুন বিকেল সাড়ে তিনটায় শিল্পকলা একাডেমীতে উদ্বোধন হল জাতীয় নাট্যশালার। উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং এখানে উপস্থিত ছিলেন শিল্পকলা একাডেমীর মহাপরিচালক আবদুল-হহ আল মামুন ও অন্যান্য বরেণ্য ব্যক্তিবর্গ।

৪০০ তম মঞ্চায়নের পথে "কঞ্জুস"

বাংলাদেশে সর্বাধিক মঞ্চায়িত নাটক, লোক নাট্যদল প্রযোজিত 'কঞ্জুস' ক্রমশ ৪০০ তম প্রদর্শনীর পথে। ২১ ও ২২ জুন পাবলিক লাইব্রেরীতে এবং ২৫ থেকে ২৮ জুন গুলিস্তান মহানগর নাট্যমঞ্চে একাধিকবার 'কঞ্জুস' প্রদর্শিত হয়েছে। আগামী ১৩ জুলাই শুক্রবার 'কঞ্জুস' এর ৪০০ তম মঞ্চায়ন উপলক্ষে পাবলিক লাইব্রেরীতে আয়োজিত হচ্ছে আরো অন্যান্য বিশেষ অনুষ্ঠানমালা।

জুন মাসে ঢাকার বিনোদনাঙ্গন

চিত্রপ্রদর্শনী "দিঘল" :

শফিউদ্দীন আহমেদ, মোহম্মদ কিবরিয়া, কাজী গিয়াস উদ্দীন, মনীরুল ইসলাম, শহীদ কবীর, শাহাবুদ্দীন প্রমুখ শিল্পীর চিত্র কর্মের এক গ্রুপ প্রদর্শনীর আয়োজন করেছে বেঙ্গল গ্যালারী।

মিউজিক ডে :

ঢাকার আলিয়ঁস ফ্রাঁসেজ-এ ২১, ২২ ও ২৯ জুন অনুষ্ঠিত হল "মিউজিক ডে"। ২১ জুন ছিল রক ও পপ মিউজিক; ২২ জুন ছিল ঢাকা স্কুল অব মিউজিক পরিবেশিত বাংলা গজল; ২৯ জুন ছিল সিনেমা ও ভিডিও শো।

আলোচনা সভা ও সাংস্কৃতিক সন্ধ্যা :

২০ জুন বিকেল ৪ টায় টি এস সি-তে বিশিষ্ট কবি বেগম সুফিয়া কামালের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষে, মহিলা পরিষদ কর্তৃক আয়োজিত হয়েছে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক সন্ধ্যা।

বাংলা সিনেমা

জন্মসূত্র : পরিচালনা আবিদ হোসেন বাদল, প্রয়োজনা এন মাহমুদ হোসেন, অভিনয়ে মান্না, সাদেক বাচ্চু, অমিত হাসান ও মুনমুন।

কাটা লাশ : পরিচালনা শাহাদত হোসেন বাদল, সম্পাদনা আলাউদ্দিন আলম, অভিনয়ে রুবেল, শাহনাজ, শাহীন, আলম ও মমূরী।

সাম্প্রতিক হিন্দী ছবি

এক রিসতা

সুনীল দারশান পরিচালিত ও প্রযোজিত এই সুপারহিট ছবিতে অভিনয় করেছেন অমিতাভ বচ্চন, রাখি, অক্ষয় কুমার, কারিশমা কাপুর, জুহি চাওলা ও সুনীল শেঠী। ছবির গল্পটি এক পরিশ্রমী ব্যবসায়ী ভিজে কাপুর (অমিতাভ), তার

স্ত্রী প্রতীমা (রাখি), তিন কন্যা, রাণী, প্রিয়া ও প্রীতি (জুহি), এবং একমাত্র পুত্র অজয় (অক্ষয়) কে কেন্দ্র করে গড়ে উঠেছে। ব্যবসায় নানান মতবিরোধ ফাটল সৃষ্টি করে পিতা-পুত্রের বন্ধনে অনেক দূরে সরে আসে অজয়। এমতাবস্থায় রাজেসের (জুহির স্বামী) ব্যবসায় হস্তক্ষেপ দেউলিয়া করে দেয় ভিজেকে।

অফিসার

ছবিটি অনেকটা "বডি গার্ড" এর মত মনে হলেও এর প-ট সম্পূর্ণ নিজস্ব। সুনীল শেঠি, শহরের শ্রেষ্ঠ পুলিশ অফিসার হিসেবে এক প্রখ্যাত শিল্পপতির বিষণ্ন স্ত্রীর (রাভিনা) দেহরক্ষীর দায়িত্বভার নেয়। ঘটনাবহুল, রহস্যপূর্ণ আর বিরামহীন অনিশ্চয়তায় ভরপুর এ ছবিটি প্রচুর দর্শক আকৃষ্ট করেছে।

সুমী কাজী (ঢাকা থেকে)

সাম্প্রতিক অডিও

সাত ভাই চম্পা :
একক অ্যালবাম। শিল্পী সামিনা চৌধুরী, প্রযোজনা ও পরিবেশনা সাউন্ডটেক।

ঠিকানা :
ব্যান্ডদল নোভার অ্যালবাম, প্রযোজনা সংগীতা।

প্রেমের অগুন লেগেছে :
ডুয়েট অ্যালবামের শিল্পী নাজমা সুলতানা ও জুনেল আহমেদ। প্রযোজনা ও পরিবেশনা সাউন্ডটেক।

নীল জোনাকী :
একক অ্যালবাম। শিল্পী এন্ড্রু কিশোর, প্রযোজনা সংগীতা।

হিয়ার মাঝে :
তপন চৌধুরীর রবীন্দ্র সঙ্গীত, প্রযোজনা ও পরিবেশনা সাউন্ডটেক।

অভিশপ্ত প্রেম :
একক অ্যালবাম, শিল্পী জহির আহমেদ, প্রযোজনা সংগীতা।

আমার রসের বিন্দিয়া :
লোক গানের একক অ্যালবাম, শিল্পী ডি. এইচ. শাহনাজ।

কষ্টে আছে আইজ উদ্দিন :
প-াবনের একক অ্যালবাম, প্রযোজনা সংগীতা।

আপনার স্বাস্থ্য ও সৌন্দর্য

গরমে দেশে যাবার আগে জেনে নিন মশাবাহিত নানান রোগের ঝুঁকি -

জুন-জুলাই প্রবাসীদের দেশে যাবার জন্য উৎকৃষ্ট সময়। স্কুলে গরমের ছুটির কারণে এ সময় বাচ্চাদের নিয়ে দেশে দীর্ঘদিন কাটানোর এক সুবর্ণ সুযোগ মেলে। তবে বর্ষার কারণে এ সময় মশার সংক্রমণ বেশি হওয়ায়, মশাবাহিত নানান ভয়াবহ রোগের প্রকোপ বেড়ে যায় বহুলাংশে। তাই দেশে যাবার আগে এসব রোগের ভয়াবহতা সম্পর্কে সকলের অবগত হওয়া উচিত।

বর্তমানে মশাবাহিত আলোচিত রোগের নাম জাপানিজ এনকেফালাইটিস (মস্তিষ্কের প্রদাহ)। মেহেরপুরের চাঁদপুর গ্রামে অজ্ঞাত এক জ্বরে একাধিক মৃত্যুর ঘটনায় ব্যাপক আতঙ্কের সৃষ্টি হয়েছে। রোগটির উপসর্গ দেখে একে এনকেফালাইটিস বলে ধারণা করা হয়। মশার মাধ্যমে এ রোগটি মানুষের মস্তিষ্কে সংক্রমিত হয়। রোগটির শুরুটা ফ্লুর মতো। মাথাব্যথা, জ্বর, কাঁপুনি, ঠান্ডা, ক্লান্তিভাব, বমিভাব ও বমি হতে দেখা যায়। শিশুদের ক্ষেত্রে প্রথম দিকে পেটে ব্যথা থাকতে পারে। মস্তিষ্কের বাইরে অবস্থিত তরল (সি এস এফ) ও রক্তের এন্টিবডি টেস্ট এবং বিশেষ কোষ কালচারের মধ্য দিয়ে এ ভাইরাসের অস্তিত্ব সনাক্তকরণ সম্ভব। এ রোগে মৃত্যুর হার শতকরা ২৫ ভাগেরও বেশী।

এ রোগের প্রত্যক্ষ কোনো চিকিৎসা না থাকলেও রোগাক্রান্ত হওয়ার আগে ভ্যাকসিন দেয়ার ব্যবস্থা আছে। তবে বাংলাদেশে এ ভ্যাকসিন পাওয়া যায় না। এদিকে নানান পরীক্ষার পর ধারণা করা হচ্ছে এটা এনকেফালাইটিস ভাইরাস নয়। প্রকৃতপক্ষে এটা কী রোগ তা নির্ধারণের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থার গবেষকদের অনুরোধ জানানো হয়েছে।

এছাড়াও 'এনোফিলিস' মশাবাহিত রোগ ম্যালেরিয়ার প্রদুর্ভাব দেশে এখনো কমেনি। গতবছর এ রোগে আক্রান্ত ৪১ হাজার ৫০২ জনের মধ্যে মারা যায় ৪৪৮ জন। 'কিউলেক্স' মশাবাহিত আরেকটি রোগ 'ফাইলেরিয়া' এখন দেশের উত্তরাঞ্চলে বেশ ভয়াবহ আকার ধারণ করেছে। রাজধানীসহ সারাদেশে এ রোগ ছড়িয়ে পড়ার আশঙ্কা করা হচ্ছে।

এদিকে 'এডিস' মশাবাহিত রোগ 'ডেঙ্গু'র মৌসুম চলে এসেছে আবার। গত বছর এর প্রকোপে ৫ হাজার ৬৪১ জন আক্রান্ত হয় এবং ৯৩ জন মারা যায়। এডিস বাহিত আরেকটি রোগ 'ইয়েলো ফিভার'-এর প্রাদুর্ভাবের আশঙ্কাতেও অনেকে আতঙ্কগ্রস্ত। নানান প্রচার সত্ত্বেও মশা নিধনের আগাম কোন পদক্ষেপ এখন পর্যন্ত নেয়া হয়নি। ব্যক্তিগত প্রচেষ্টার পাশাপাশি সরকারী সহযোগিতায় প্রতিরোধ ব্যবস্থা নেয়া একান্ত আবশ্যক।

রান্নবান্না

রকমারি ভর্তা

কালিজিরা ভর্তা :
স্পাইস গ্রাইন্ডারে ১/৪ কাপ কালিজিরা গুড়া করুন। ১ চা চামচ তেলে ৪-৫টি কাঁচামরিচ, ৫-৬ কোষ রসুন একটু টেলে নিয়ে (যেন পুরোপুরি সেদ্ধ না হয়) হামান দিস্তায় (Mortar) ছেঁচে নিন। তারপর এতে কালিজিরা গুড়া, সরষের তেল ও লবন দিয়ে ভালো মতো মেখে নিন।

পোড়ানো বেগুন ভর্তা :
বেগুন ভালো করে ধুয়ে মুছে নিন। তারপর অ্যালুমিনিয়াম ফয়েলে মুড়ে বেগুনটিকে সরাসরি চুলার উপর Med-hi আঁচে পোড়াতে হবে কিছুক্ষণ। ৩-৪ মিনিট পর একটু করে উল্টে দিতে হবে যেন বেগুনের সবদিকে আঁচ লাগে। মোট ৮-৯ মিনিট পর বেগুন ভালোমত নরম হয়ে গেলে কাঁটাচামচ দিয়ে খোসা ছাড়িয়ে চটকে নিন। এবার পেয়াজকুটি, (শ্যালট হলে ভালো হয়) কাঁচামরি কুটি, শুকনা মরিচ পোড়া, ধনে পাতা কুচি, সরষার তেল ও লবন দিয়ে মেখে পরিবেশন করুন। এ পদ্ধতিতে টমেটো ভর্তাও করা যায়।

লাউয়ের খোসা ভর্তা :
লাউয়ের খোসা, অল্প রসুন ও পেয়াজ, স্বাদমত কাঁচামরিচ, খুব অল্প পানিতে সেদ্ধ করুন। তারপর ফুড প্রসেসারে বেটে নিন। অল্প তেলে প্রথমে কালিজিরা দিন, তারপর খোসার মিশ্রণ, অল্প হলুদ ও লবণ ঢেলে দিন। চুলায় মাঝারি আঁচে কিছুক্ষণ রাখার পর মিশ্রণের তরলতা কমে আসলে পরিবেশন করুন। এভাবে বরবটি ভর্তা করলেও বেশ ভালো হয়। ❐